



## উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়



৩/৩, ফুলার রোড, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০, ফোন নম্বর: ৪৪৮৬৫০৭৫

### নিয়োগ বিজ্ঞপ্তি

ক্রমিক	পদের নাম ও সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	জাতীয় বেতন স্কেল ২০১৫
১	উপাধ্যক্ষ - ০১	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রি এবং বি.এড/এম.এড ডিগ্রি অথবা শিক্ষায় স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। সহকারী অধ্যাপক / প্রভাষক পদে ১২ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীর বয়স কমপক্ষে ৪০ বছর হতে হবে। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।	গ্রেড ৫ টাকা ৪৩,০০০ - ৬৯৮৫০ (এর সাথে বিদ্যালয় প্রদত্ত ভাতা ও অন্যান্য সুবিধাদি)
২	সহকারী শিক্ষক (ইংরেজি ভাষা) বাংলাদেশ ও বিশ্বপরিচয় - ০১	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা শিক্ষায় স্নাতক সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রি (সংশ্লিষ্ট শাখায়) থাকতে হবে।	গ্রেড ১০ টাকা ১৬০০০-৩৮৬৪০ (বি.এড ডিগ্রিধারী)
৩	প্রদর্শক, পদার্থবিজ্ঞান - ০১	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা শিক্ষায় স্নাতক সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রি (সংশ্লিষ্ট শাখায়) থাকতে হবে। প্রদর্শক হিসেবে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।	গ্রেড ১১ টাকা ১২৫০০-৩০২৩০ (বি.এড ব্যতীত)
৪	সহকারী হিসাবরক্ষক-০১	ব্যবসায় শিক্ষা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক/সম্মান ডিগ্রি থাকতে হবে। কম্পিউটার এ প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে। অফিস সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ০৮ বছরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।	গ্রেড ১৩ টাকা ১১০০০-২৬৫৯০

#### বিদ্যালয় প্রদত্ত অন্যান্য ভাতা ও সুবিধাদি:

সরকারী বিধি ও বিদ্যালয়ের নিয়ম অনুযায়ী বাড়ি ভাড়া, চিকিৎসা ভাতা, উৎসব ভাতা, যাতায়াত ভাতা ও অন্যান্য ভাতা প্রদান করা হবে। এছাড়া চাকুরি স্থায়ী হলে বিদ্যালয়ের বিধি মোতাবেক কম্পিউটারি প্রভিডেন্ট ফান্ড এবং গ্রাচুইটি সুবিধা প্রদান করা হবে।

#### আবেদনের শর্তাবলী :

- প্রার্থীদের শিক্ষা জীবনের কোনো স্তরে ৩য় বিভাগ/শ্রেণি অথবা জিপিএ ৪.০০/সিজিপিএ ৩.০০ এর নিচে গ্রহণযোগ্য নয়। সংশ্লিষ্ট বিষয়ে শিক্ষকতায় অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার এবং ইংরেজি ভাষার প্রার্থীদের ক্ষেত্রে ইংরেজি মাধ্যমে পাঠদানে অভিজ্ঞতাসম্পন্ন ও ইংরেজি মাধ্যম থেকে পাশ করা প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।
- ইংরেজি ভাষার প্রার্থীদের বাংলা ও ইংরেজি উভয় ভাষানে পাঠদানে সম্মত থাকতে হবে।
- সহকারী শিক্ষক ও প্রদর্শক পদের প্রার্থীদের সংশ্লিষ্ট বিষয়ে শিক্ষক নিবন্ধন (NTRC) থাকলে অগ্রাধিকার দেয়া হবে।
- ক্রমিক নম্বর ২ ও ৩ নম্বরের প্রার্থীদের বয়স অনূর্ধ্ব ৩৫ বছর। তবে অভিজ্ঞ/ইনডেক্সধারী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।
- ক্রমিক নম্বর ৪ এর প্রার্থীদের বয়স অনূর্ধ্ব ৩৫ বছর। তবে অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।
- আগ্রহী প্রার্থীদের সদ্য তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি, পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত (মোবাইল নম্বরসহ) ও সোনালী ব্যাংকের যে কোনো শাখা হতে অধ্যক্ষ, উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা এর অনুকূলে উপাধ্যক্ষ পদে টাকা ১৫০০ (এক হাজার পাঁচশত) মাত্র, সহকারী শিক্ষক ও প্রদর্শক পদে টাকা ১০০০ (এক হাজার) মাত্র এবং সহকারী হিসাবরক্ষক পদে টাকা ৫০০ (পাঁচশত) মাত্র অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ আবেদন রেজিস্ট্রি ডাকযোগে ০৬/০৬/২০২৩ খ্রিস্টাব্দের মধ্যে বিদ্যালয়ে পৌঁছাতে হবে। অসম্পূর্ণ আবেদন অথবা উক্ত তারিখের পরে প্রাপ্ত আবেদন বাতিল বলে বিবেচিত হবে।
- চাকুরীরত প্রার্থীদের স্ব-স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- আবেদনপত্রের খামের উপরে অবশ্যই পদের নাম ও মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
- কোনো কারণ দর্শানো ব্যতিরেকেই বিদ্যালয় কর্তৃপক্ষ যে কোনো আবেদনপত্র বাতিল এবং পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার পূর্ণ অধিকার সংরক্ষণ করে।
- আবেদনপত্রে কোন তথ্য গোপন করলে বা উল্লেখ না করলে তা ভবিষ্যতে নথিতে সংযুক্ত করা হবে না।

স্বাক্ষরিত/  
জহুরা বেগম  
অধ্যক্ষ